**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৯২/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ৯ নভেম্বর ২০১৭, ২৫ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নৌবাহিনীর অগ্রযাত্রায় নতুন অধ্যায়ের সূচনা হয়েছে : রাষ্ট্রপতি

২। স্বাধীনতা স্তম্ভ প্রকল্পের আওতায় শিশুপার্ক
মূল নকশার অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী

৩। খুলনা-কলকাতা রেল চলাচল শুরু আজ থেকে
বাংলাদেশ-ভারতের প্রধানমন্ত্রীর যৌথ উদ্বোধন

৪। ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার নিয়োগের প্রস্তাব ক্রয় কমিটিতে অনুমোদন

৫। মিয়ানমারের প্রতিবেশী ৪ দেশের সমর্থন চায় বাংলাদেশ
রোহিঙ্গা সঙ্কট সমাধানে স্বস্তি পরিষদের বিবৃতিতে পররাষ্ট্রমন্ত্রীর সন্তোষ

৬। কর্পোরেট ট্যাক্স কমাতে আগামী সরকার পদক্ষেপ নেবে : অর্থমন্ত্রী

৭। অনেকে আত্মগোপনে গিয়ে সরকারকে বিব্রত করছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। মাতারবাড়ি বিদ্যুৎকেন্দ্রে এলএনজি দিয়ে বিদ্যুৎ উৎপাদনে সমঝোতাস্মারক স্বাক্ষর

৯। কর বাহাদুর সম্মাননা দেওয়া হলো ৮৪ পরিবারকে
১৪১ জন পেলেন সেরা করদাতার সম্মাননা

১০। গুগলের মার্চেন্ট অ্যাকাউন্টে যুক্ত হলো বাংলাদেশ

**১। নৌবাহিনীর অগ্রযাত্রায় নতুন অধ্যায়ের সূচনা হয়েছে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, দেশে নির্মিত সর্ববৃহৎ যুদ্ধজাহাজ ও সাবমেরিন টাগ সংযোজনের ফলে নৌবাহিনীর অগ্রযাত্রায় এক নতুন অধ্যায়ের সূচনা হয়েছে। গতকাল (৮ নভেম্বর বুধবার) খুলনা নৌঘাঁটি বানৌজা তিতুমীরের নেভাল বার্থে নৌবাহিনীর যুদ্ধজাহাজ ‘দুর্গম’ ও ‘নিশান’ এবং সাবমেরিন টাগ ‘হালদা’ ও ‘পশুর’ কমিশনিং অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, নৌবাহিনীকে একটি কার্যকর ত্রিমাত্রিক বাহিনী হিসাবে গড়ে তোলার জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর পরিকল্পনার ধারাবাহিকতায় বর্তমান সরকার স্বল্প এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করেছে; যা ২০৩০ সালের মধ্যে বাস্তবায়িত হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**২। স্বাধীনতা স্তম্ভ প্রকল্পের আওতায় শিশুপার্ক**
**মূল নকশার অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে নির্মীয়মান স্বাধীনতা স্তম্ভের মূল নকশার (তৃতীয় ধাপ) অনুমোদন দিয়েছেন। গতকাল (৮ নভেম্বর বুধবার) সকালে গণভবনে অনুষ্ঠিত এ সম্পর্কিত এক বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নকশা প্রত্যক্ষ করে এর অনুমোদন দেন। এক্ষেত্রে শিশুপার্ককে স্বাধীনতা স্তম্ভ প্রকল্পের আওতায় রাখা হয়েছে। স্থাপত্য বিভাগের প্রধান স্থাপত্যবিদ কাজী গোলাম নাসির এবং উপপ্রধান স্থাপত্যবিদ আসিফুর রহমান ভুঁইয়া প্রজেক্ট প্ল্যানের একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন বৈঠকে উপস্থাপন করেন। প্রধানমন্ত্রী প্রেজেন্টেশন প্রত্যক্ষ করে কিছু দিক নির্দেশনাসহ প্রকল্প অনুমোদন দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**৩। খুলনা-কলকাতা রেল চলাচল শুরু আজ থেকে : বাংলাদেশ-ভারতের প্রধানমন্ত্রীর যৌথ উদ্বোধন**

খুলনা-কলকাতা রেলপথে ‘বন্ধন এক্সপ্রেস’ ও ঢাকা-চট্টগ্রাম রেলপথের দ্বিতীয় ভৈরব, দ্বিতীয় তিতাস সেতু আজ (৯ নভেম্বর বৃহস্পতিবার) উদ্বোধন করবেন বাংলাদেশ-ভারতের প্রধানমন্ত্রী। আজ সকাল সাড়ে **১১**টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পতাকা উড়ানোর মাধ্যমে আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রমের উদ্বোধন করবেন। সূত্র-**সংবাদ** (পৃ.১, ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**৪। ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার নিয়োগের**
**প্রস্তাব ক্রয় কমিটিতে অনুমোদন**

ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প বাস্তবায়নে **১২** হাজার ৫৬৬ কোটি ৪৭ লাখ টাকায় ঠিকাদার নিয়োগের ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (৮ নভেম্বর বুধবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে এ বৈঠক অনুষ্ঠিত হয়। ক্রয় কমিটির সভায় আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ৫৫ হাজার টন চিনি আমদানির প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮),**নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪)।

**৫। মিয়ানমারের প্রতিবেশী ৪ দেশের সমর্থন চায় বাংলাদেশ**
**রোহিঙ্গা সঙ্কট সমাধানে স্বস্তি পরিষদের বিবৃতিতে পররাষ্ট্রমন্ত্রীর সন্তোষ**

রোহিঙ্গা সঙ্কট সমাধানে মিয়ানমারের প্রতিবেশী চার দেশের জোরালো সমর্থন চেয়েছে বাংলাদেশ। মিয়ানমার সরকার রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার কথা বললেও এখনো প্রবেশ অব্যাহত রয়েছে বলে ঐ চার দেশের কূটনীতিকদের জানানো হয়েছে। গতকাল (৮ নভেম্বর বুধবার) রাষ্ট্রীয় অতিথিভবন পদ্মায় এ ব্রিফিংয়ে

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী এবিষয়ে বিস্তারিত তুলে ধরেন। ব্রিফিংয়ে চার দেশের কূটনীতিক রোহিঙ্গা সঙ্কট সমাধানে নিজ নিজ দেশের অবস্থান তুলে ধরেন। মিয়ানমারের প্রতিবেশী দেশ ভারত, চীন, থাইল্যান্ড ও লাওসের ঢাকায় নিযুক্ত রাষ্ট্রদূত, হাইকমিশনার ও কনস্যুলেট প্রধানদের নিয়ে এ ব্রিফিংয়ের আয়োজন করে পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

=৩=

রোহিঙ্গা সঙ্কট সমাধানে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ থেকে বিবৃতি দেওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। এছাড়া রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের পাশে দাঁড়ানোর জন্য জাতিসংঘকে ধন্যবাদ জানান তিনি। গতকাল (৮ নভেম্বর বুধবার) ঢাকায় নবনিযুক্ত জাতিসংঘের আবাসিক প্রতিনিধি মিয়া সেপোর সঙ্গে এক বৈঠকে তিনি এ ধন্যবাদ জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**৬। কর্পোরেট ট্যাক্স কমাতে আগামী সরকার পদক্ষেপ নেবে : অর্থমন্ত্রী**

কর্পোরেট ট্যাক্স কমানোর ক্ষেত্রে আগামী সংসদের নতুন সরকার পদক্ষেপ নেবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, বর্তমানে এ করহার কমানোর সুযোগ নেই। ভবিষ্যৎ সরকারের জন্য পাঁচ বছরের একটি পরিকল্পনা করা হবে। আস্তে আস্তে করহার কমানো হবে। গতকাল (৮ নভেম্বর বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু সম্মেলনকেন্দ্রে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ আয়োজিত এক সেমিনারে অর্থমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৭), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৭। অনেকে আত্মগোপনে গিয়ে সরকারকে বিব্রত করছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

একের পর এক নিখোঁজের ঘটনা প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, নিখোঁজ হওয়ার পেছনে কিছু কারণ থাকে। অনেকে ইচ্ছা করে আত্মগোপনে গিয়ে সরকারকে বিব্রত করছে। এ ধরনের ঘটনার সুরাহা করা গোয়েন্দাদের জন্য একটু কষ্টকর। তারপরও তাদের ফিরিয়ে আনা যাবে বলে আশা করা হচ্ছে। গতকাল (৮ নভেম্বর বুধবার) বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশনের (ক্র্যাব) সংস্কার করা কার্যালয় উদ্বোধন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল**
(পৃ.৫, ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৮। মাতারবাড়ি বিদ্যুৎকেন্দ্রে এলএনজি দিয়ে বিদ্যুৎ উৎপাদনে সমঝোতাস্মারক স্বাক্ষর**

গতকাল (৮ নভেম্বর বুধবার) আমদানি করা তরলীকৃত গ্যাস (এলএনজি) দিয়ে বিদ্যুৎ উৎপাদনের জন্য কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ ও জাপানের মিৎসুই এন্ড কোং একটি সমঝোতাস্মারক স্বাক্ষর করেছে। মাতারবাড়ি বিদ্যুৎহাবে ৫০০ মেগাওয়াটের এ বিদ্যুৎকেন্দ্রে জাপান এবং বাংলাদেশের সমান অংশীদারিত্ব থাকবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩)।

**৯। কর বাহাদুর সম্মাননা দেওয়া হলো ৮৪ পরিবারকে**

**১৪১ জন পেলেন সেরা করদাতার সম্মাননা**

সেরা করদাতা ও কর বাহাদুর পরিবারকে সম্মাননা ও ট্যাক্স কার্ড প্রদান করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। রাজধানীর আগারগাঁওয়ে নির্মাণাধীন রাজস্ব ভবনে গতকাল (৮ নভেম্বর বুধবার )এক অনুষ্ঠানের মাধ্যমে এ সম্মাননা দেওয়া হয়। জাতীয় ট্যাক্স কার্ড নীতিমালা অনুযায়ী **১৪১** দীর্ঘমেয়াদি করদাতাসহ সারাদেশে **৫১৭** জন সর্বোচ্চ করদাতাকে এ সম্মাননা ও ট্যাক্স কার্ড দেওয়া হয়। একইসঙ্গে একই পরিবারের সদস্যরা যারা দীর্ঘদিন কর দিয়ে আসছেন এমন ৮৪টি পরিবারকে দেওয়া হয়েছে কর বাহাদুর সম্মাননা। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সম্মাননাপ্রাপ্ত করদাতা ও কর বাহাদুর পরিবারকে ক্রেস্ট প্রদান করেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

১০। **গুগলের মার্চেন্ট অ্যাকাউন্টে যুক্ত হলো বাংলাদেশ**

গুগল কর্তৃপক্ষ তাদের মার্চেন্ট অ্যাকাউন্টে বাংলাদেশকে যুক্ত করেছে। গুগলের সাপোর্ট সেন্টার ‘লোকেশনস ফর ডেভেলপার অ্যান্ড মার্চেন্ট রেজিস্ট্রেশন’ বিভাগে গত ৭ নভেম্বর মঙ্গলবার রাতে বাংলাদেশের নাম যুক্ত করা হয়। এর ফলে বাংলাদেশি অ্যান্ড্রয়েড ডেভেলপাররা এখন থেকে ‘গুগল পে’তে অ্যাপ বিক্রি করতে পারবেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৫)।



## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সংস্কারের অভাবে জামালপুর জেলার সাতটি উপজেলায় **১৬৮**টি সরকারি প্রাথমিক বিদ্যালয় জরাজীর্ণ হয়ে পড়ার কথা উল্লেখ করে সারাদেশে এমন জরাজীর্ণ প্রাথমিক বিদ্যালয়গুলি সংস্কারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নজর দেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** পুলিশ ও র‌্যাবের জন্য কেনা ‘বুলেটগ্রুপ’ জ্যাকেট, ঢাল ও হেলমেট আসলে বুলেটপ্রুফ নয় র‌্যাবের পরীক্ষায় এ ‘জালিয়াতি’ ধরা পড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ঘটনার জন্য দায়ী প্রতিষ্ঠানের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **সমকাল, যায়যায়দিন, নিউ এজ, ডেইলি স্টার :** সিলেটের কানাইঘাটের বাংলাটিলায় অবৈধভাবে পাথর উত্তোলনের সময় টিলাধসে পাঁচ শিশুসহ ছয়জনের নিহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে পাহাড়, টিলাধস প্রতিরোধে বিশেজ্ঞদের সুপারিশ আমলে নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **প্রথম আলো :** চাঁদপুরের একটি গ্রামে স্থানীয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার হস্তক্ষেপে বাল্যবিবাহ থেকে রক্ষা পেয়েছে অষ্টম শ্রেণির এক ছাত্রী উল্লেখ করে বাল্যবিবাহ রোধে সব শ্রেণি, পেশার মানুষকে এগিয়ে আসার আহ্বান।

ঙ. **যায়যায়দিন :** রংপুর সিটি করপোরেশনে সীমিত আকারে ইভিএম চালুর ঘোষণা দিয়েছে নির্বাচন কমিশন উল্লেখ করে এ ব্যবস্থাকে সর্বমহলে গ্রহণযোগ্য করতে ইসি ও রাজনৈতিক দলগুলোকে সদিচ্ছার পরিচয় দেওয়ার সুপারিশ।

চ. **নিউ নেশন :** ফুটপাতকে হকার ও ফেরিওয়ালামুক্ত করার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউজ টুডে :** বিভিন্ন রোগের বিস্তার রোধে মেডিকেল বর্জ্য অপসারণে সাবধানতা অবলম্বনের ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিশ্ববিদ্যালয় পর্যায়ে সুস্থ রাজনীতি চর্চা করে শিক্ষার্থীবান্ধব শিক্ষাঙ্গন করা সম্ভব।

## নিবন্ধ ও ফিচার

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **“অপরাধ প্রবণতা বাড়ছে : এখনই রাষ্ট্রকে নজর দিতে হবে”** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশের শৃঙ্খলা বজায় রাখার জন্য সরকারের পাশাপাশি দেশের সচেতনমহলকে এগিয়ে আসতে হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা